Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

1.3

LIBRARY 2/92
No.....
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

গঙ্গা জলে গঙ্গা পূজা। মা যেমন লিখিয়েছেন, তেমনি লেখা ; তাই আজ মায়ের পায়ে নিবেদিত।

—অমিয়া—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশিকা :
শ্রীঅমিয়া বন্দ্যোপাধ্যায়
৩নং রমণী চাটার্জি রোড,
বালীগঞ্জ, কলিকাতা—২৯

পুস্তক পাইবার ঠিকানা :
শ্রীশ্রীমা আনন্দময়ী আশ্রম
৪।৪, একডালিয়া রোড, কলিকাতা—১৯
অথবা :
বি২।৯৪, ভদৈনী, বেনারস

মূল্য :—আট আনা
[এই পুস্তকের বিক্রয়-লব্ধ সমস্ত অর্থ মায়ের কাজে ব্যয় করা হইবে]

মুদ্রাকর :
জ্যোতির্ম্ময় বন্দ্যোপাধ্যায়
বি আই প্রিন্টারস্
২৩, হিন্দুস্থান পার্ক
কলিকাতা—২৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



PRESENTED

মায়ের পায়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 6/49 B.
Shri Shri MA Anandamayee Ashram
BANARAS.
PRESENTED

১

কৃপাময়ী মাগো, কৃপা কর,—
চরণ-তরী দিয়ে, এ সংসারে তর!
হাস্য-মাখা বদন খানি,
মুখে অভয়-বাণী,
কথায় তোমার সুধা ঝরে,
মন যে দয়ার খনি।
শিশুর মত সরল, তুমি
সরল কথা বল,
সরল ভাষায় ডাক দিয়ে মা,—
মনটি নিয়ে চল;
পাপী তাপী সব জনারে
দিচ্ছ কোলে ঠাঁই,—
চরণে শরণাগত, মাতা,—
প্রণাম জানাই!
জীবন জনম আজ, হ'ল যে সার্থক,
চিত্ত পুরে রহ তুমি, হয়ো না পৃথক!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২

তুমি কি মা যাদু জান ?
একটি দিনের দেখার মাঝে,
এমন করে পরাণ টান ?

চক্ষে সদা ভাসে তব, সুন্দর মূরতি,
কর্ণে বাজে, মধু-মাখা স্বর,—
যাহার তুলনা নাই, এ মর-জগতে,
শ্রবণেতে পশি করে, আকুল অন্তর।

তুমি কি মা মোর কৃষ্ণ ?
তুমি কি মা হরি ?
তুমি কি মা আদ্যাশক্তি ?
অথবা শঙ্করী ?

কালী কিংবা দুর্গা তুমি ?
কিম্বা শ্রীচৈতন্য ?
হরি নাম বিলাইয়ে,
কর সবে ধন্য ?

নাহি জানি তত্ত্ব অত, শুধু জানি মা,
তাই শুধু ডাকি মাগো, মা, মা, মা।

৩

শক্তি দাও মা শক্তি ময়ি !
স্পর্শ আমায় দেছ যখন,
সবই দিতে হবে,—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মূর্খ মেয়ের মা হয়েছ,
আর কি গো পার পাবে ?
কাছে থাক, দূরে থাক,
কি বা আসে যায় ?
আমার কথা তোমার পায়ে,
নিশ্চয় পৌঁছায় !
একে একে, শুধরে নিয়ে,
আমার হৃদয় খানি,
তোমার দিকে, হরির দিকে,
লও না মাগো, টানি।

৪

যতই তোমায় মা মা ডাকি,
যতই তোমায় দেখি,
আশা আমার পূরে না মা,
করব বল কি ?
দয়া করে বলেছিলে,
'সাথে সাথে আছি' !
সেই কথাটি যতন করে,
হিয়ার ভিতর রাখি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হাসি মাখা মুখটি নিয়ে,
হৃদয় মাঝে রহ ;
মনো-মাঝে তোমায় আমি,
হেরব অহরহ।

৫

এক বিন্দু কৃপার কণা, যাহার পরে ঝরে,
একটি দিনেই পাগল তুমি, করে ফেল তারে।
নাহি লাগে দিন-ক্ষণ,
নাহি কোন আয়োজন,
অতর্কিতে বন্যা যেন, এসে পড়ে দ্বারে,
ভাসিয়ে ডুবিয়ে তুমি, নিয়ে যাও তারে।
বাধা যদি দিতে যাই,
দেখি কোন শক্তি নাই,
তরঙ্গের মুখে ক্ষুদ্র, তৃণ-খণ্ড সম,
এ জীবনে আর কোন, সাধ নাই মম।

৬

মন্ত্র তুমি দাও না মাগো,
শুনি সবার কাছে,
কেন এত কঠোর? স্নিগ্ধ
কোমলতার মাঝে ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কি যে ভালবাসা সবে,
বুঝি ত মা সবি,
আসিয়াছ সবার তরে,
শান্ত মধুর ছবি।
তবু যে গো মন মানে না,
তোমার কাছেই চায়,
পরম ধনের সন্ধানটি,
মহামন্ত্রের ছায়!
দিবে না কি কৃপাময়ী?
করবে না কি দয়া?
অযোগ্য এ সন্তানেরে,
আশার বাণী দিয়া?
যোগ্য তুমি করে নেবে,
সেই আশাতে রহি,—
জন্ম না হয় জন্মান্তরে,
যাব তরী বাহি।

৭

তোমার মুখে শুনেছি যে, মধুর হরি-নাম,
তাহাই আমার হিয়ার মাঝে, বাজে অবিরাম।
এমন সুর, এমন কণ্ঠ, কভু শুনি নাই,—
মন-গলানো এমন কথা, কোথাও না পাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একটি নিমেষ দেখা দিয়ে, মুগ্ধ করে দিলে!
তোমার বিমল উজল আভায়, চক্ষু গেল খুলে!
কি সুন্দর হেরিলাম, তোমার মূরতি,—
বর্ণনা করিতে তাহা, নাহিক শকতি!
মনে লয় যেন তুমি, নহ এ ধরার,—
অমলিন পুষ্প-মাল্য, তনুটি তোমার;
পবিত্রতা ভরা, তাই হেন শুভ্র-বেশ,—
মৌন, শান্ত, প্রজ্ঞার, ঘন পরিবেশ,
আছে তব চারি ভিতে, তাই লাগে ভালো,
তব পাশে নাহি রহে, কোন গ্লানি কালো।
প্রাণ, মন, দেহ, বাক্য, সকলি সুন্দর,
সুন্দর, সুন্দর তুমি, অতি মনোহর;
সহস্রের মাঝে বসি রহ নির্ব্বিকার,
তোমার চরণে আমি করি নমস্কার।

৮

বড় সাধ ছিল মনে,
যমুনার তীরে,—
দয়াময় কভু আসি,
দেখা দিবে মোরে!
তাই কি গো সেই দিন,
কীর্ত্তনের শেষে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতৃ-রূপে দেখা তুমি,
দিয়েছিলে এসে ?
শিরোপরি দেখেছিনু,
সুমোহন চূড়া,
সর্ব্ব অঙ্গ ছিল যেন,
ফুল সাজে ভরা ;
অপরূপ মূর্ত্তি এক,
হেরিলাম চোখে,
নিমেষের তরে আমি,
ভেসেছিনু সুখে।
এই ত যমুনা তীর,
এই বৃন্দাবন !
যেখানেতে হয়েছিল,
নাম সঙ্কীর্ত্তন ;
পবিত্র সে ধূলি-পরে,
দাঁড়াইলে আসি,
অধম জনারে দয়া,
করেছিলে হাসি !
সেদিনের সেই কথা,
ভুলিতে না পারি,
মাতৃ-রূপে সেই তুমি,
এলে কি গো হরি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯

মাগো!
আবার তোমার দেখা পেলাম!
শিব দরশের আশা করে,
গিয়েছিলেম সে মন্দিরে,
সেথায় দেখি শিব-সোহাগী বিরাজিছ তুমি,
অবাক হয়ে ধূলায় লুটে চরণ তোমার চুমি!
কিসের টানে গেলাম সেথা,
বুঝতে আমি পারিনে তা,—
ভোর না হতে কে আমারে মন্দিরেতে টানে,
অনেক বাধা তুচ্ছ করে ছুটনু সেদিক পানে।
পথের মাঝে দেখি একি!
আমার মায়ের মোহন হাসি,
এক লহমা দেখে তোমা পরাণ গেল ভরি,
এমনি করেই দরশ মাগো দিও দয়া করি।

১০

ভয়কে আমি জয় করিব,
(মা তোর) অভয় পদে শরণ নিয়ে,
দেখব এবার মেয়ের ব্যথা,
বুঝিস কি না মা টি হয়ে;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভয় দেখালে শিশু যেমন,
কাঁদে কেবল মা, মা বলে,
তেমনি ধারা কাঁদব শুধুই,
নিবি না কি কোলে তুলে?
দূরে গিয়ে মোদের ছেড়ে,
থাকিস্ মা তুই কেমন করে?
কত দিনের ছাড়াছাড়ি,
এলো আবার বরষ ঘুরে।
হাসি মাখা মুখটি তোমার,
দেখি না মা অনেক দিন,
ত্যাগ মেয়েরে করলি কেন,
করলি কেন ভাগ্য হীন?
আয় মা, ওমা, দুঃখ-হরা,
আনন্দ কে সঙ্গে নিয়ে,
শোনা মা তোর অভয় বাণী,
কাঁদে যে তোর অবুঝ মেয়ে।

১১

এত দিনে ডাকটি কি মা,
শুনতে পেলে?
খর-তাপ তুচ্ছ করি, অসময়ে
তাই কি এলে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মোহাচ্ছন্ন মেয়ের তরে,
এতই যদি ভাবনা তোর,
মুহূর্ত্তেকে দে না মাগো,
জ্ঞান-চক্ষু খুলে মোর।
মায়ার পর্দ্দা সরিয়ে দিয়ে,
দেখাও জগৎ খানি,—
কোনটি আপন, কোনটি পর,
নিতে যেন পারি চিনি!
কোনটি রবে ধূলায় পড়ে,
কোনটি যাবে সাথে,—
সেই কথাটি ভুলে কেন,
ঘুরে মরি বিপথে?
লক্ষ্য পথে এগিয়ে যেতে,
ধরনা এসে হাত,
দয়াময়ী মাগো তোমায়,
কোটী প্রণিপাত!

১২

তুমি মা, আর আমরা মেয়ে, সহজ পরিচয়,
বড় বড় কথা শুনে, লাগে বড় ভয়!
তুমি নাকি পূর্ণ ব্রহ্ম, তুমি নাকি নারায়ণী?
আমি কিন্তু স্নেহভরা, মাকেই শুধু জানি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখতে তোমায় ভাল লাগে, তাইত আসি ধেয়ে,
শুনলে বাণী জুড়ায় শ্রবণ, ধন্য হই তা পেয়ে।
হাসি তোমার অপার্থিব, সদাই কাণে বাজে,
মাতৃ-রূপে মাগো তুমি, রহ প্রাণের মাঝে।

১৩

মা গো তোমায় দেখতে গিয়ে দেখি,
ফুল ছড়ানো শূন্য বেদী,—
একটু আগেই চলে গেছ নাকি !
এও ত মা তোমার ইচ্ছা,
এবার আমায় দূরে রাখা,
তাইত লুকোচুরি,—
আসা যাওয়ার খবরটাকে,
রাখ গোপন করি।
পুণ্য যারা করে ছিল,
শূন্য দু'হাত ভরে নিল,
ভাগ্যে আমার নাই,—
বেদী তলে মাথা দিয়ে,
'মাগো দয়া কর' বলে,
ব্যথা নিয়ে ঘরে ফিরে যাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুনি না কি আসবে দুদিন পরে,
দেখব এবার মেয়েকে তোমার,
মনে পড়ে কি না পড়ে।
আমার মত আছে তোমার,
শত শত মেয়ে,—
তবুও তুমি বলেছিলে,
'হ'লাম তোমার মেয়ে' !
ভুলেছ কি সে সব কথা,
মনে তোমার পড়ে কি তা ?
কত আশা আনন্দ আর,
আকুলতা দিয়ে,—
বসিয়াছ মনের মাঝে,
আপন মা টি হয়ে ?
তবে কেন দূরে রাখা,
ভুলেছ কি কাছে ডাকা ?
দিনে দিনে কোথায় তুমি,
নেবে কাছে ডাকি,—
তা না করে, পাষাণী মা,
হাস দূরে থাকি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫

আনন্দময়ী আমার, দয়াময়ী মা,
দয়াময়ী মা গো, কৃপাময়ী মা,
কৃপাময়ী মা আমার, ক্ষমা-শীলা মা,
ক্ষমা-শীলা জননী গো, সহন-শীলা মা,
সহন-শীলা মা আমার, সরলা মা।
সরলা মা মোদের, নির্ম্মলা মা,
নির্ম্মলা মা গো তুমি, জগতের মা,
চারিদিকে শুধু শুনি, মা, মা, মা,
জয় গুরু, জয় মা, জয় জয় মা,
সর্ব্ব-দুঃখ-ক্ষয়-কারী, মধু-ক্ষরা-মা।

১৬

এসেছ কি ধরা ধামে, জীব উদ্ধারিতে?
হাসি মুখে বসি রহ, তাই দিনে রাতে?
শ্রান্তি নাই, ক্লান্তি নাই, নাহিক বিশ্রাম,
কৌশলে করিছ সবার, চরম কল্যাণ।
জন-গণে লয়ে তুমি, চল ঊর্দ্ধ-পথে,
আনন্দেতে মাতি সবে, চলে তব সাথে।
অসংযমীর বন্যা, দেখে কি হেথায়,
'সংযম-সপ্তাহ'-ব্রত, শিখাও সবায়?
আপনি আচরি মাগো, অপরে শিখাও,
সহজে সুন্দর পথে, সকলে চালাও!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিত্ত-শুদ্ধি, আত্ম-জ্ঞান,
নাহি হলে শুনি,
কভু নাহি পায় কেহ,
বিভু-পদ খানি।

কামনা-বিহীন কর্ম্ম,
করিতে পারিলে,
চিত্ত-শুদ্ধি ঘটে শুনি,
শাস্ত্রে এই বলে।

তার পর আত্ম-জ্ঞান,
সে বড় কঠিন,
কেমনে পাইব মা গো!
বড় দীন হীন।

কামনা, বাসনা, হিংসা-
কলুষিত মনে,
ভরপূর অহঙ্কারে,
আর অভিমানে;

ষড় রিপুর রাজত্ব,
মনের ভিতরে,
নাহি জানি পঞ্চেন্দ্রিয়-
সেবার বাহিরে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতগুলি শত্রুজয়,
করিব কেমনে ?
এস মা গো সোজা পথ,
দেখাও সন্তানে।

১৮

চরণে শরণাগতা, ওগো দয়াময়ি !
সুধাময়ী জননী গো, আনন্দময়ি !
দয়ার আগল তুমি, দিয়াছ খুলিয়া,
পাপী তাপী সকলেরে, নিয়াছ তুলিয়া !
মূঢ় জনে শিখাইতে, প্রেম-ভক্তি-জ্ঞান,
করিয়াছ এ বিরাট, যজ্ঞ অনুষ্ঠান !
শ্রেষ্ঠ তত্ত্ব-জ্ঞান-বীর, আসিয়া হেথায়,
আপামর জনে ধর্ম্ম, সপ্রেমে বিলায়।
নিতে পারে কয় জনে ? শোনে বহু জন,
দিন ভরি কথা, পাঠ, নাম-সঙ্কীর্ত্তন।
শরণাগতারে তুমি, দেহ বর-দান,
নিতে যেন পারি মাগো, দিয়ে মন-প্রাণ !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৯

মাতৃ-নাম-সঙ্কীর্ত্তনে, মাতিয়াছে ধরা,
বাজে খোল, করতাল, মৃদঙ্গ, মন্দিরা।
দেয় সবে, উচ্চ-রোলে, মার নামে জয়,
নাহি শোক, নাহি দুঃখ, নাহি লাজ, ভয়।
কে কোথায় রহিয়াছ, দূরে দাঁড়াইয়া,
মাতৃ-নাম-যজ্ঞে সবে, পড় ঝাঁপাইয়া!
দূরে যাবে সব দুঃখ, দূর হবে ভয়,
মুক্তি পাবে করি মার, চরণ-আশ্রয়!
এস এস জ্ঞানী, গুণী, এস ভক্ত গণ,
প্রাণ ভরে কর মার, নাম-সঙ্কীর্ত্তন!

২০

ত্যাগের ধনে ধনী মাগো!
কর তুমি মোরে,
বিবেক, বৈরাগ্য দেহ,
মনো-মাঝে পূরে!
ছয়টী রিপু ধরে আমায়,
টানাটানি করে,
অহঙ্কার, আর অভিমানের,
অজ্ঞানতায় ভরে;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চঞ্চলতায় ভরা এ মন,
কেমনে স্থির করি ?
বাসনা-কামনা-ময়,
বিশ্ব-ভুবন হেরি ;
জ্ঞানের উদয় কবে হবে ?
কবে পাব পথ ?
এক লক্ষ্যে কেমন করে,
চালাই মনোরথ ?
তুমিই জান, মাগো তোমায়,
বলছি চরণ ধরে,
চরণ-তলে ঠাঁই দিও মা,
মূর্খ অধমেরে !

২১

মাগো !
কত স্তুতি করে তোমা, কত শত ভাবে,
জয় ধ্বনি দেয় উচ্চে, সম্মিলিত সবে।
জ্ঞান-গর্ভ কথা কত, তোমার সম্মুখে,
কহি গণে, অতিশয় ধন্য আপনাকে।
কত জনে দেয় ফল, ফুল উপহার,—
কেহ বা গাঁথিয়া আনে, মালতীর হার।
কেহ দেয় ফুল-সাজ, মোহন-বাঁশী হাতে,
তোমারে সাজায়ে তৃপ্তি, পায় কত মতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেহ পূজা করে তোমা, জগত-জননি,
ধূপ, দীপ, ফুল, ফল, নৈবেদ্য প্রদানি!
সেই সাথে করে সবে, ভক্তি নিবেদন,
হাসি মুখে লইতেছ, বসি সর্ব্বক্ষণ!
কিবা দিব মূঢ় আমি, কিছু নাহি পাই,
খুঁজে দেখি আপনারে, কিছু মোর নাই।
আছে শুধু অশ্রুজল, লহ মাগো তাই,
অশ্রুজলে ভাসি আমি, প্রণাম জানাই!

২২

জননি গো!
কম্পিত হিয়া মোর,
লাজে, ভয়ে মরি,
তোমার দেয়া বিত্ত আবার,
তোমার পায়ে ধরি।
তুমি দেছ কণ্ঠে গান,
তুমিই দেছ সুর,
তাইত সবে মা, মা গাহি,
তৃপ্তিতে ভরপূর।
তুমি লেখাও, লেখনি তাই,
হাতে ধরি তুলি,
তুমি বলাও, তাইত মোরা,
মা, মা, মা, বলি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখাও তোমার মোহন রূপ,
তাইত দেখি চেয়ে,
বিমল হাসি হাস যখন,
চোখের পানে চেয়ে,—
কৃত-কৃতার্থ জননি গো!
আর কিছু না চাই,—
সুদূর হতে দেখি প্রাণের,
প্রণতি জানাই!

২৩

লিপ্ত ও নির্লিপ্তের, একি সমাবেশ?
লিপ্ত হেরি সর্ব্ব কাজে, মুহূর্ত্তে নিঃশেষ;
ঊর্দ্ধপানে দৃষ্টি তুলি, কোথা যাও চলে?
কি যে ভাব কোন্ কথা? দাও না গো বলে!
মহাধ্যান মগ্না তুমি, কালাকাল পারে,
ত্রিগুণাতীতা মাগো, বিশ্ব-পারাবারে!
সবার অতীত আবার, রয়েছ সকলে,
আকর্ষণ করিতেছ, সহস্রে সবলে!
মধুভাণ্ড ঘিরে ঘিরে, পিপীলিকা প্রায়,
সহস্র সহস্র জন, আসিছে হেথায়;
কি আনন্দ প্রদানিছ, সবার অন্তরে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কথা কিন্তু নাহি কহ, রহ মৌন ভরে!
হাস্যময়ী, লীলাময়ী মুহূর্ত্তেকে হও,
অপার্থিব কণ্ঠে হাসি, কত কথা কও!
কত কথা, কত গল্প, তুমি মা গো জান,—
বিশুদ্ধা ভক্তির পথে, সবে ধরি টান!
আবার কখনও বল, 'কিছু নাহি জানি,
ছোট মেয়ে তোমাদের বাবা বলে মানি!'
এই ভাবে করি তাদের, অন্তর দখল,
মাতা হয়ে রহ সেথা, আনন্দে অচল!
অপার্থিব কণ্ঠে তুমি, কভু কর গান,
'হে ভগবান, হে ভগবান, হা ভগবান'!
কাণের ভিতর দিয়ে, মরমে পৌঁছায়,
হেন জন নাহি হেরি, দূরে সরি রয়,
দেখে শুনে তব লীলা, ধন্য হই আমি,
স্বর্গ হতে, কে তুমি গো, মর্ত্ত্যে এলে নামি?

২৪

কত পুণ্য করেছিলাম,
জন্ম জন্মান্তরে,
চর্ম্ম-চক্ষে তাই আজ,
হেরিনু তোমারে!
কিছু আমার নেই যে মা,
কিছুই আমার নেই,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনাকে আজ আপনি আমি,
তোমার পায়ে দেই।
পাপ পুণ্য নাহি জানি,
কিবা আছে মোর,
তোমার আলোয় পথটি চিনে,
চলব জীবন ভোর ;
শুভ পথে নিয়ে চল,
এক লক্ষ্যে মন,
ভিতর বাহির উজল কর,
দিয়ে পরম ধন।

২৫

ভাব-ময়ী, জ্ঞান-ময়ী, অয়ি জ্যোতির্ম্ময়ি!
সুবিমলা, সুনির্ম্মলা, আনন্দময়ি!
আনন্দ-রস,
তোমারে ঘিরিয়া যেন, হয়েছে সরস!
কোন ঊর্দ্ধ-লোকে তুমি, কর অবস্থান,
না পাই সন্ধান,—
তবু আসি ছুটে,
ধরিতে ছুঁইতে তোমা, যদিও না পাই,—
আত্ম-নিবেদন করি,
অই পায়ে লুটে!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভালো লাগে,
বড় ভালো লাগে মাগো !
তাই আসি ধেয়ে,—
চিরন্তনী জননী গো, নির্লিপ্ত বদিও তুমি,
তবু মোরা হই তব,—
চিরন্তনী মেয়ে !

২৬

দূরে, তুমি কেবলি কি সুদূরে রহিবে ?
হৃদয়ের সিংহাসনে, কভু না বসিবে ?
কভু না কহিবে, মা গো ! নিকটে আসিয়া,
'এইত এসেছি বাছা, তোমার লাগিয়া' !
মিটাইয়া দিবে তুমি, সব প্রয়োজন,
স্নেহময়ী, কল্যাণী, জননী যেমন !
মঙ্গল হাতে তব, অশ্রু দিবে মুছি,
পুণ্য প্রভাবে তব, সব হবে শুচি ;
চিত্তের মলিনতা, হয়ে যাবে দূর,—
কহ মাগো, সেই দিন, আরও কত দূর ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্তব স্তুতি জানি না মা, ভজন-সাধন,
নাহি জানি পূজা, পাঠ, দেব-আরাধন!
উপাসনা জানি না, নাহি কোন মন্ত্র,
বৃথা এ জীবন যায়, যেন বিকল যন্ত্র!
আহার, বিহার, আর, ভোগ লালসায়,—
বহু দিন হল গত, হেলায় খেলায়!
সোণার কাঠির স্পর্শে, যদি বা এখন,
সত্যের সন্ধান চায়, মোহাচ্ছন্ন মন,—
মনের সংযম, আর, মনের সংযোগ,—
তার সাথে মন মোর, নাহি চায় যোগ!
চঞ্চল হয়ে সে যে, ঘোরে ধরা-ময়,—
বিপথে কুপথে গিয়ে, বেদনাক্ত হয়!
ফিরায়ে তাহারে আনি, হেন শক্তি নাই,
মরমের ব্যথা তাই, তোমাকে জানাই!
জপ, তপ ও জানি না গো, ব্রত, উপবাস,—
সহে না এ জীর্ণ দেহে, তবু করি আশ,—
পাইতে পরম ধনে, তবু চায় মন;
পেয়েছি তোমার দেখা, পেয়েছি চরণ!
জীবনের সন্ধি-ক্ষণে, তোমার প্রকাশ,—
নহে কি মহাভাগ্য? অসীম কৃপার আভাস?
তাই শুধু ক্ষীণ-মাত্র, আশা জাগে প্রাণে,—
কভু ও কি আলোকিত, হবে আত্ম-জ্ঞানে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ হৃদয় ? বল মাগো ! বল দয়া করে,
কেমনে হেরিব মোর, আত্ম-স্বরূপেরে ?
আবিলতা বহুবিধ, রয়েছে ভিতরে,—
কেমনে তা কোন পথে, যাবে চলে দূরে ?
অন্তর্য্যামী জননি গো, জান, বুঝ সব,
শান্ত করি দাও মোর, অন্তর-বিপ্লব !
শাস্ত্র-তত্ত্ব, সাধু-বাণী, কিছু নাহি জানি,
তুমি শুধু আছ এই, মহাভাগ্য মানি।

২৮

অসত্য হইতে মোরে, সত্যে লয়ে যাও,
তমসার মাঝে দিব্য, জ্যোতিটি দেখাও !
জ্ঞানের শলাকা দিয়ে, চোখ খুলে দাও,
আপনার ধন মোরে, চিনিতে শিখাও !
জীবনের ভুল ভ্রান্তি,
ভুল পথে চলা,
অনিত্য ধনের মাঝে,
শুধু মন ফেলা,
মোহ-মায়া বশে রহি, আবদ্ধ খাঁচায়,
মুক্ত করি দাও মাগো, চিনি আপনায় !
তুমি মোর আছ শুধু, আর কেহ নাই,
তোমারি চরণে আমি, মিনতি জানাই !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯

হৃদয়ের ধন, ওগো, প্রাণের রতন!
পাতিয়া রেখেছি মম, হৃদি-সিংহাসন,
তব তরে,—
এস ত্বরা করে,—
যেওনা যেওনা চলে, করিয়া হেলন!
সাজায়েছি তাহা,—
মনোময় ফুলে,—
ধৌত করি রাখিয়াছি,—
নয়নের জলে,—
মনে মনে ফুল তুলি, গাঁথিয়াছি হার,
ধর লও কণ্ঠে তব, শুদ্ধা মা আমার!
দিব আলিম্পন,—
মনো-আঙ্গিনার,—
ভিতরে বাহিরে,—
কাম, ক্রোধ, লোভ, মোহ, দূরেতে সরায়ে,
তোমার আসন খানি রাখিব সাজায়ে,
দয়া-মায়া-স্নেহ প্রীতি,—
হৃদয়ের সৎ বৃত্তি,—
গন্ধ ফুল জাতি, যুথী, শেফালিকা দিয়ে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩০

মৌন তুমি কর তোমার, মুখর তনয়াকে,
শক্ত করে বন্ধ কর, মুখের আগলটাকে !
বাহির দৃষ্টি বন্ধ করে, ভিতর দৃষ্টি খোল,
মনের মাঝে আসন পেতে, বসবে কবে বল ?
সন্ধ্যা আসে ঘনাইয়ে, জীবন নদীর পারে,
এখনও কি সন্তানেরে, রাখবে অন্ধকারে ?
ভিতর বাহির অমানিশা, দৃষ্টি নাহি চলে,
দিবানিশি ভাসছি মাগো, তাই ত অশ্রুজলে !
পথের রেখা নাহি পেলে, আঁধার শূন্য মাঝে,
আসবে নাকি মা জননী, জ্যোতির্ম্ময়ী সাজে ?
পিছল পথে হাতটি ধরে, তুলবে নাকি টেনে ?
মা মা বলে ডাকব যখন, আবেগ আকুল প্রাণে ?
মাগো ! কৃপাদৃষ্টি দিয়ে তুমি, করলে আকর্ষিত,
(এখন) শরণাগতারে রাখ, হই যে আশ্রিত !

৩১

তুমি যন্ত্রী আমি যন্ত্র,
যেমন বাজাও সুর,
তেমনি বাজি, তেমনি বলি,
আনন্দে ভরপুর !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাল করে বাজাও মাগো,
বেসুর কোরো না,
পদে পদে তাল কেটে যায়,
হাসে সকল জনা!
জানি এ যে ভাঙ্গা যন্ত্র,
ছিন্ন তাহার তার,
কেমন করে বাজবে বল,
সুরের ঝঙ্কার?
এক ফোঁটা নেই অশ্রু জল
এক বিন্দু নেই রস,
কেমন করে তাহার মাঝে,
সৃজন হবে সরস?
তবু তুমি যন্ত্রী ভাল,
সেই ভরসা করি,
নূতন করে গড়ে লও মা,
দোষ-স্খালন করি!

৩২

মধুর, মধুর, তব সকলি মধুর,
হাসি, গান, কথা, গল্প, সব সুমধুর!
তাই তোমা ঘিরি রহে, শত শত জন,
পদ্ম-মধু লাগি যেন, অলির গুঞ্জন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুনি তব চারি ভিতে, নাহি দিবা রাত্রি,
তোমাকে ঘিরিয়া ফিরে, নব নব যাত্রি।
কেমনে মা সহ তুমি, এত কল-রোল ?
জনতার উশৃঙ্খল, আবেগ-হিল্লোল,—
হাসি মুখে ক্ষমা করি, রহ নির্বিকার,
দয়াময়ী, উদাসিনী, জননী সবার !
সন্তানের তরে তুমি সহ কত কষ্ট,
নিষ্কাম কর্ম্মেতে কর, সকলের ইষ্ট ;
কত যাগ-যজ্ঞ আর, শুভ-অনুষ্ঠান,
করিতেছ নানা দেশে ঘুরি নানা স্থান,
সকলি মোদের তরে ; তব প্রয়োজন—
নাহি কিছু, কোথা আছে তব যোগ্যধন ?
কিছু নাহি চাও মাগো, শুধু চাহ মন,
সমর্পিয়া ও চরণে, লইনু শরণ।

৩৩

আঁখিতে করুণা-ধারা পড়িতেছে ঝরে,—
ত্রিতাপ তাপেতে দগ্ধ সন্তানের তরে ;
সকলের তরে মাগো,
অহর্নিশি ধরে জাগো,
জাগাইতে জগতের মোহ-মুগ্ধ-প্রাণ,—
এসেছ কি ছেড়ে দিয়ে আপনার স্থান ?
গোলোক-বাসিনী-মা,
দয়াময়ী নিরুপমা,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহিতেছ কত কষ্ট সন্তানের তরে,—
বাঁধিতেছ, টানিতেছ সবে স্নেহ-ডোরে!
করুণার আকর্ষণে,
পড়েছে যে, সেই জানে,
দুর্নিবার, মধু-ময়, কি আনন্দে ভরা,
তোমার সে কৃপা-দৃষ্টি যেন মধু-ক্ষরা!
কত দোষ, কত ত্রুটি,
ক্ষমা করি পরিপাটি,
করুণায় ভরা চোখে রহ সদা চেয়ে,—
আপনার কর সবে নিজেরে বিলায়ে!
কলিযুগে কল্পতরু,
প্রস্রবণ ভেদি মরু,
সুশীতল সুধা ধারা সকলের তরে,—
এসো এসো পিও সবে শুষ্ক প্রাণ ভরে!

৩৪

প্রাণের কথা জান সবি,
কি কহিব আমি?
শোধন করি লওনা মাগো,
তুমি অন্তর্যামী!
আগাছাতে ভরা জমি,
শুষ্ক নীরস প্রাণ,—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃপা-বারি কভু তুমি,
করবে না কি দান ?
অন্ধ জনের চক্ষু মিলে,
পঙ্গু পাহাড় চড়ে,
কৃপা বিনা অসম্ভব যা,
হবে কেমন করে ?
না করিলে কৃপা-দৃষ্টি,
নাহি দিলে দয়া,
কেমন করে যাবে বল,
মিথ্যা-মোহ-মায়া ?
সত্য, মিথ্যা, চিনি যেন,
দেহ সেই জ্ঞান,
কাতর তনয়া যাচে,
কৃপা-কণা-দান !

৩৫

কেন এত ঘোরো মা গো ! কেন এসো যাও,
আসা যাওয়ার জগৎখানি, তাই কি শিখাও?
থাকিতে আসিনি হেথা,
চলে গিয়ে শিখাও কি তা ?
ভেঙ্গে দিয়ে অতি দ্রুত আনন্দের মেলা,
উপলব্ধি করাও কি মা জগতের খেলা ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাই কি গো ঘুরে ঘুরে,
কভু কাছে কভু দূরে,
চকিতের মত এসে, পুনঃ চলে যাও!
চঞ্চল পায়ে তুমি, ঘুরিয়া বেড়াও?
অমৃতের ভাণ্ড নিয়ে,
চৌদিকে ছড়িয়ে দিয়ে,
কত দেশ দেশান্তর, সন্তান লাগিয়া,
উল্কার মতন তুমি, বেড়াও ছুটিয়া!
নাহি ক্লান্তি নাহি ক্লেশ,
নাহি পথ-শ্রম-লেশ,
হাসি মুখে সকলেরে, আনন্দ বিলাও,
মাগো! বিষটুকু নিজে নিয়ে, নীল-কণ্ঠ হও!

৩৬

অন্ধ্র, মদ্র, পাঞ্জাব,
কেন তুমি যাবে?
বাংলা দেশের 'ছোট্ট মেয়ে',
দেশের কোলেই রবে!
হেথা আছে সবার মনে,
তোমার আসন পাতা,
কাজ কি গো মা, এমন করে,
ছোটা যথা তথা!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোলের ছেলে দূরে ফেলে,
মা যদি যায় চলে,
বল মা গো! বল তাকে,
জগৎ কিবা বলে?
ছোটাছুটি কেন এত?
রহ না এক স্থানে!
সবাই মোরা পূজব তোমায়,
হৃদয় সিংহাসনে।

৩৭

শেষের প্রণাম জানাই তোমায়,
চলে যাবার আগে,
মনে মনে প্রণাম আমার,
মনের ভিতর জাগে!
তোমার কাছে কেমন করে,
যাব বল না,—
তোমায় ঘিরে অষ্ট প্রহর,
আছে শত জনা!
তুমি মা গো! অন্তর্য্যামি,
মনের প্রণাম লহ,—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কত দিনে আসবে আবার ?
সেই কথাটি কহ !
দিন গুণিয়ে দিন কাটাব,
জান তুমি সবি,
শীঘ্র আবার এসো মাগো !
সন্তানেরে ভাবি।

৩৮

তোমার যাওয়ার পথে পথে,
ছড়িয়ে দেব ফুল,
যেখানেতে পড়বে তোমার
চরণ-পদ্ম-রাতুল।
সবাই বলে গেছ চলে,
আমি দেখি, 'না,
হৃদয় মাঝে আছ বসে,
হাস্ত-ময়ী মা' !
কর্ণে তোমার কণ্ঠ বাজে,
মনে মূর্ত্তি খানি,
চোখে সদা হাসি জাগে,
হৃদয় মাঝে বাণী ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চঞ্চলা মা, অচঞ্চলা,
রহ আমার মনে,
নিশিদিশি তোমায় আমি,
হেরি সঙ্গোপনে।

৩৯

সুবদনী, সুহাসিনী, নন্দিনী মা,
আকর্ষণ-কারিণী, কর্ষিণী মা;
স্নেহময়ী, দয়াময়ী, সুধাময়ী মা,
সরলতা-মণ্ডিতা, জ্ঞানময়ী মা;
নির্ঝরিণী-গতি-সমা, চঞ্চলা মা,
অট্ট-হাসি-মুখরিতা, কল্লোলিনী মা;
অচল, অটল, দৃঢ়, স্থিত-প্রজ্ঞা মা,
জ্ঞান-দাত্রী, অন্ন-দাত্রী, তাপিতের মা;
দরিদ্রের মা, তুমি কুবেরেরও মা,
ভেদাভেদ-জ্ঞানাতীতা, সর্ব্ব-জন-মা;
কাতরে ডাকে যেবা, তারই তুমি মা,
হৃদয়েতে চিন্তে যেবা, তারও হও মা!
সর্ব্ব-শুভ-দায়িনী, নারায়ণী মা,
করুণাপ্লুত-ধারা মন্দাকিনী মা;
নহ শুধু ইহ-লোকে, সর্ব্ব-লোকে মা,
ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ-বিধায়িনী মা!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪০

যত তুমি বল মাগো,
'পা ছোঁয়াটি বারণ'!
ঐ চরণে শরণ নিতে,
ছুটে চলে মন!
পদ-যুগল ঢাকা দিয়ে,
বসে থাক তুমি,
মন যে বলে বারে বারে,
ঐ চরণে নমি!
একটুখানি চরণ-পরশ,
যদি গো মা, পাই,
পদ-রজ শিরে নিয়ে,
ধন্য হয়ে যাই;
যতই তুমি ঢাক মাগো,
যত্ন-সহকারে,
অদেখা পা ফুটে ওঠে,
মনের মুকুরে!

৪১

আবোল-তাবোল অনেক কিছু,
লিখনু দিবস ভরি,—
তোমার স্তুতি করব, হেন
শক্তি নাহি ধরি;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কতটুকু সাধ্য আমার ?
কিবা আছে জ্ঞান ?
তোমার লীলা বুঝি হেন,
নাহি অভিমান ;
তবু তোমায় দেখে মাগো !
লাগে বড় ভালো,—
তুমিই আমার আঁধার মনে,
দিলে ক্ষুদ্র আলো !
সেই আলোকে ভরসা করি,
লিখে গেনু যত,—
দোষ ত্রুটি সব মোর, বাকী
তোমারই কৃতিত্ব !
ভ্রম-প্রমাদ পূর্ণ লেখা,
ভরা অনেক ভুলে,—
সব দোষ মা, ক্ষমা করে,
রেখো চরণ তলে !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi